

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
'সিসিএ কার্যালয়ে সিএ মনিটরিং সিস্টেম স্থাপন এবং নিরাপত্তা বিধান' প্রকল্প  
ইলেক্ট্রনিক স্বাক্ষর সার্টিফিকেট প্রদানকারী কর্তৃপক্ষের নিয়ন্ত্রক (সিসিএ)-এর কার্যালয়  
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ  
আইসিটি টাওয়ার, আগারগাঁও, ঢাকা-১২০৭  
[www.cca.gov.bd](http://www.cca.gov.bd)

স্মারক নং- ৫৬.০৩.০০০০.০০৮.১১.০০৭.১৯-৩৫

তারিখ: ৩১ ডায় ১৪২৬  
১৫ সেপ্টেম্বর ২০১৯


নিয়োগ বিজ্ঞপ্তি

তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের আওতাধীন সিসিএ কার্যালয় কর্তৃক বাস্তবায়নাধীন 'সিসিএ কার্যালয়ে সিএ মনিটরিং সিস্টেম স্থাপন এবং নিরাপত্তা বিধান' শীর্ষক প্রকল্পের জন্য ৯ম এবং ১৬তম গ্রেডের নিম্নবর্ণিত শূন্য পদসমূহে অস্থায়ী ভিত্তিতে চুক্তিভিত্তিক সাকুল্য বেতনে প্রকল্পের মেয়াদকালীন সময়ের জন্য জনবল নিয়োগের নিমিত্তে প্রকৃত বাংলাদেশী স্থায়ী নাগরিকগণের নিকট হতে নিম্নোক্ত শর্তে আবেদন আহ্বান করা যাচ্ছে:

| ক্রমিক<br>নং | পদের নাম ও বেতন স্কেল   | মোট<br>সাকুল্য<br>বেতন | পদের<br>সংখ্যা | যোগ্যতা   |
|--------------|---|------------------------|----------------|---|
| ১.           | সহকারী প্রোগ্রামার<br>(জাতীয় বেতন স্কেল ২০১৫ এর ৯ নং গ্রেড)                    | ৩৫৬০০/-                | ৪টি            | ক) স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে সিএসই/ইইই/ইটিই/আইটি বিষয়ে স্নাতক বা সমমানের ডিগ্রী অথবা ইনফরমেশন সিকিউরিটি সিস্টেম/ফলিত পদার্থ বিজ্ঞান বিষয়ে মাস্টার্সসহ আইসিটি বিষয়ে ০২ (দুই) বছরের অভিজ্ঞতা;   |
| ২.           | অফিস সহকারী কাম কম্পিউটার অপারেটর<br>(জাতীয় বেতন স্কেল ২০১৫ এর ১৬ নং<br>গ্রেড) | ১৭০৪৫/-                | ১টি            | ক) স্বীকৃত বোর্ড হতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট (এইচ.এস.সি) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>খ) কম্পিউটার প্রশিক্ষণ প্রাপ্ত; এবং<br>গ) কম্পিউটার ব্যবহার সংক্রান্ত ওয়ার্ড প্রসেসিং, ডাটা এন্ট্রি ও টাইপিং ইত্যাদির সর্বনিম্ন গতি প্রতি মিনিটে ইংরেজিতে ২০ এবং বাংলায় ২০ শব্দ হতে হবে। |

আবেদনের শর্তাবলীঃ

- ০১। সকল প্রার্থীকে অনলাইনে <https://erecruitment.bcc.gov.bd> ওয়েব সাইটের মাধ্যমে আগামী ২০ অক্টোবর, ২০১৯ তারিখের মধ্যে আবেদন করতে হবে। অনলাইন (online) ব্যতিত অন্য কোন মাধ্যমে প্রেরিত আবেদন গ্রহণ করা হবে না।
- ০২। অনলাইনে আবেদনের জন্য <https://erecruitment.bcc.gov.bd> ওয়েব সাইটে প্রবেশ করে প্রথমে নিবন্ধন করতে হবে। নিবন্ধনের জন্য ই-মেইল ও মোবাইল নম্বর আবশ্যিক। নিবন্ধন সম্পন্ন হওয়ার পর নিবন্ধনকারীর ই-মেইলে e-Recruitment কর্তৃক ই-মেইল এবং পাসওয়ার্ড প্রেরণ করা হবে। প্রাপ্ত ই-মেইল এবং পাসওয়ার্ড দিয়ে লগইন করে আবেদনের প্রয়োজনীয় খাপ সম্পন্ন করতে হবে। (প্রয়োজনে সংশ্লিষ্ট ওয়েব সাইট হতে নিবন্ধন ম্যানুয়াল ও আবেদন ম্যানুয়াল অনুসরণ করতে হবে) এবং সত্য তোলা পাসপোর্ট সাইজের ১ কপি রঞ্জন ছবি আপলোড করতে হবে।
- ০৩। ০১/০৯/২০১৯ খ্রিঃ তারিখে আবেদনকারীর বয়সসীমা ১৮-৩০ বছর হতে হবে। তবে, মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা ও শারীরিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে বয়সসীমা ১৮-৩২ বছর। বয়স প্রমাণের ক্ষেত্রে এফিডেবিট গ্রহণযোগ্য নয়।
- ০৪। পরীক্ষার ফি বাবদ সহকারী প্রোগ্রামার পদের জন্য ৫০০ (পাঁচশত) টাকা এবং অফিস সহকারী কাম কম্পিউটার অপারেটর পদের জন্য ১০০ (একশত) টাকা DBBL Mobile Banking-এর মাধ্যমে অনলাইনে (সংশ্লিষ্ট ওয়েবসাইটের পেমেট অপশনের নির্দেশনা অনুসরণ করে) প্রদান করতে হবে।
- ০৫। লিখিত ও ব্যবহারিক পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের মৌখিক পরীক্ষার সময় শিক্ষাগত যোগ্যতার সকল মূল সনদ, ১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র, ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর/ পৌরসভা মেয়র/কাউন্সিলর কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদ ও মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র কন্যা/ শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার পুত্র-কন্যা হলে চাকুরী প্রার্থীকে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী/উপদেষ্টা কর্তৃক স্বাক্ষরিত এবং মাননীয় প্রধানমন্ত্রী/প্রধান উপদেষ্টা কর্তৃক প্রতিস্বাক্ষরিত মূল সনদপত্র অথবা মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের সচিব কর্তৃক স্বাক্ষরিত এবং মাননীয় মন্ত্রী/উপদেষ্টা কর্তৃক প্রতিস্বাক্ষরিত সাময়িক সনদপত্রের মূল কপি সংশ্লে আনতে হবে। উল্লেখ্য যে, আবেদনকারী মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র কন্যা/ শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার পুত্র-কন্যা হলে আবেদনকারী যে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার পুত্র-কন্যা এই মর্মে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/সিটি কর্পোরেশন এর ওয়ার্ড কাউন্সিলর/পৌরসভা মেয়র/কাউন্সিলর কর্তৃক প্রদত্ত সার্টিফিকেট সংশ্লে আনতে হবে।
- ০৬। সরকারী/ আধা-সরকারী/স্বায়ত্বশাসিত সংস্থায় চাকুরীরত প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের অনুমতিপত্র মৌখিক পরীক্ষার সময় দাখিল করতে হবে।
- ০৭। পরীক্ষার তারিখ, সময় ও স্থান ওয়েব সাইটে জানানো হবে। প্রবেশপত্র <https://erecruitment.bcc.gov.bd> থেকে ডাউনলোড করা যাবে।
- ০৮। সরকারের সর্বশেষ সার্কুলার/ আদেশ অনুযায়ী সকল প্রকার কোটাপদ্ধতি যথাযথভাবে অনুসরণ করা হবে।
- ০৯। ত্রুটিপূর্ণ/অসম্পূর্ণ আবেদনপত্র কোন কারণ দর্শানো ব্যতিরেকে বাতিল বলে গণ্য হবে। নিয়োগকারী কর্তৃপক্ষ বিজ্ঞপিত পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি/বাতিল করার অধিকার সংরক্ষণ করেন। নিয়োগ সংক্রান্ত বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।
- ১০। পরীক্ষা/সাক্ষাৎকারের জন্য প্রার্থীগণ কোন ভ্রমণভাতা বা দৈনিকভাতা প্রাপ্য হবেন না।
- ১১। অত্র বিজ্ঞপ্তি ও নিয়োগ সংক্রান্ত সকল তথ্য সিসিএ কার্যালয়ের ওয়েবসাইটে ([www.cca.gov.bd](http://www.cca.gov.bd)) পাওয়া যাবে।

  
১৫.৯.২০১৯  
প্রকল্প পরিচালক

'সিসিএ কার্যালয়ে সিএ মনিটরিং  
সিস্টেম স্থাপন এবং নিরাপত্তা বিধান' প্রকল্প  
ফোন: +৮৮-০২-৮১৮১৭০৯